

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সরকারি যানবাহন অধিদপ্তর  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
([www.dgt.gov.bd](http://www.dgt.gov.bd))


সরকারি যানবাহন অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের নিমিত্তে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আহমেদ ফয়সল ইমাম, পরিচালক (নৌ)  
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।  
সভার তারিখ : ২৩/১১/২০২২ খ্রি. ; বুধবার  
সভার স্থান : দুপুর ০২.৩০ টা  
স্থান : পরিচালক (নৌ) এর অফিস কক্ষ।  
উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-ক


উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। তাদেরকে অবহিত করা হয় যে, অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত হালনাগাদকরণের বাধ্যবাধকতা রয়েছে। তারই অংশ হিসেবে এই সভা আহ্বান করা হয়েছে। সভায় অধিদপ্তরের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত প্রতিস্থাপন/ সংযোজন/ বিয়োজন/ সংশোধন/ পুনর্গঠন এর সুপারিশ গৃহীত হয়;


২। সুপারিশসমূহ :


- ক) প্রাতিষ্ঠানিক সেবার ৩নং ও ০৪নং ক্রমিকের সেবাসমূহের 'সেবা প্রদানের সময়সীমা' কলামদ্বয়ে '১০ (দশ)' শব্দ দুটির পরিবর্তে '২১ (একুশ)' এবং ১৬ নং ক্রমিকের সেবার 'সেবা প্রদানের সময়সীমা' কলামে '০৩ (তিন)' শব্দ দুটির পরিবর্তে '০৫ (পাঁচ)' শব্দদুটি প্রতিস্থাপন করতে হবে;
- খ) অভ্যন্তরীণ সেবার ০৪ ও ০৬ নং ক্রমিকের 'প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান' কলামে 'অধিদপ্তরের ওয়েবসাইটে' শব্দ দুটি সংযোজন করতে হবে;
- গ) অভ্যন্তরীণ সেবার ৮ নং ক্রমিকের 'প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান' কলামে ০১ নং ক্রমিকের সাথে 'মোবাইল নম্বরসহ' শব্দগুচ্ছ সংযোজন করতে হবে;
- ঘ) ৯নং সেবার 'প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান' কলাম এর 'ওয়েবসাইট' এর পরিবর্তে 'ওয়েবসাইটে' মর্মে সংশোধন এবং 'ও হিসাব শাখায়' শব্দ তিনটি বিয়োজন করতে হবে;
- ঙ) অভ্যন্তরীণ সেবার ৮ ও ৯ নং ক্রমিকের সেবাসমূহের 'সেবা প্রদানের সময়সীমা' কলামদ্বয়ে '০৩ (তিন)' শব্দ দুটির পরিবর্তে '০৫ (পাঁচ)' শব্দদুটি প্রতিস্থাপন করতে হবে;
- চ) অভ্যন্তরীণ সেবার ১০ নং ক্রমিকে 'হস্তান্তরিত সরকারি বাসার বিপরীতে মন্ত্রণালয় কর্তৃক না-দাবী সনদ প্রদানের আবেদন প্রেরণ' নামক নতুন সেবা সংযোজন করতে হবে। উক্ত সেবা প্রদানের সময়সীমা ০৭(সাত) কর্মদিবস উল্লেখ করতে হবে;
- ছ) উপর্যুক্ত প্রতিস্থাপন/ সংযোজন/ বিয়োজন/ প্রতিস্থাপন/ পুনর্গঠন এর আলোকে অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) হালনাগাদ করে পরিবহন কমিশনার মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।
- ৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
২৬/১১/২০২২  
(মনিরা পারভীন)  
প্রশাসনিক কর্মকর্তা ও সদস্য

(ছুটিতে)  
(রেজাউল করিম)  
সহকারী পরিচালক (সড়ক) ও সদস্য

  
২৬/১১/২০২২  
(কেএম আজহারুল ইসলাম)  
হিসাবরক্ষণ কর্মকর্তা ও সদস্য

  
২৬.১১.২০২২  
(মোঃ শরিফুজ্জামান)  
ব্যবস্থাপক ও সদস্য

  
২৬/১১/২০২২  
(মোঃ সাদ্দাম হোসেন)  
সহকারী পরিচালক (নৌ) ও সদস্য

  
২৬.১১.২০২২  
(আহমেদ ফয়সল ইমাম)  
পরিচালক নৌ ও আহবায়ক